

সারাদেশ

আশুলিয়ায় সিলিন্ডার বিস্ফোরণের আগুনে নিহত ৭

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৫৩ PM



সাতারের আশুলিয়ার জামগড়া এলাকায় একটি পোশাক কারখানা চত্বরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের পর আগুনে নিহতের সংখ্যা বেড়ে সাতজনে দাঁড়িয়েছে। এ ঘটনায় অন্তত ২৫ জন আহত হয়েছেন। তাঁদের কয়েকজনের শরীরের বড় অংশ দগ্ধ হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যা পৌনে ৭টার দিকে জামগড়া এলাকায় প্রীতি গ্রুপের একটি কারখানা চত্বরে এ দুর্ঘটনা ঘটে।

আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ তরিকুল ইসলাম জানান, আগুন নিয়ন্ত্রণে আসার পর ঘটনাস্থল থেকে পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়। তাঁদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

ঢাকা মেডিকেল কলেজ (ডামেক) হাসপাতালে চিকিৎসাধীন নজরুল নামের আরও একজন পরে মারা যান। এর আগে জয়নব বেগম নামের এক নারীর মৃত্যুর খবর পাওয়া যায়।

আশুলিয়া নারী ও শিশু হাসপাতালের ব্যবস্থাপক হারুন অর রশীদ জানান, বিস্ফোরণে আহত ২৫ জনকে হাসপাতালে নেওয়া হয়েছে। তাঁদের বেশির ভাগই কারখানার আশপাশের সবজি বিক্রেতা ও পথচারী বলে প্রাথমিকভাবে জানা গেছে।

আহত ব্যক্তিদের মধ্যে পাঁচ থেকে ছয়জনকে উন্নত চিকিৎসার জন্য ঢামেক হাসপাতালে পাঠানো হয়েছে। তাঁদের কয়েকজনের শরীরের বড় অংশ দক্ষ হয়েছে।

শিল্প পুলিশ-১-এর পুলিশ সুপার মোহাম্মদ মমিনুল ইসলাম জানান, কারখানার গেটের সামনে থেকে এক নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। কারখানার ভেতরে একটি গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের পর আগুন পাশের একটি পরিত্যক্ত জায়গায় ছড়িয়ে পড়ে। পরে আগুন নিয়ন্ত্রণে আনা হয়।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ডিউটি অফিসার শাহজাহান মিয়া জানান, সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে আগুন লাগার খবর পেয়ে জিরাবো ফায়ার স্টেশনের দুটি এবং ডিইপিজেড ফায়ার স্টেশনের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়।

রাত ১০টার দিকে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আসে। পরে রাত ১১টা ৪২ মিনিটে ফায়ার সার্ভিসের উদ্ধার কার্যক্রম শেষ হয়।

ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থল থেকে পাঁচজনের মরদেহ উদ্ধার করেন। পরে স্থানীয় লোকজন আরও একজনের মরদেহ উদ্ধার করেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, একটি কাভার্ড ভ্যানে থাকা গ্যাস সিলিন্ডার বিকট শব্দে বিস্ফোরিত হয়। এরপর ওই গাড়িতে আগুন ধরে যায়। পরে আগুন আশপাশে থাকা আরও ছয় থেকে সাতটি গাড়িতে ছড়িয়ে পড়ে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/ashuliyy-silindar-bisformer-agune-niht-7>